

মাথাভাঙ্গা

The Daily Mathabhanga

চুয়াডাঙ্গা, মেহেরপুর ও ঝিনাইদহ এলাকার প্রথম আঞ্চলিক সংবাদপত্র

১৯ জুন # সোমবার # ২০১৭

চুয়াডাঙ্গা পৌরসভার বাজেট ঘোষণা ও শহর সমন্বয় কমিটির বিশেষ সভায় পৌর মেয়র জিপি পৌরসভার সাবিক উন্নয়নে কর প্রদানে গুরুত্ব দিতে হবে

স্টাফ রিপোর্টার: চুয়াডাঙ্গা পৌরসভার উন্মুক্ত বাজেট ঘোষণা ও শহর সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার সকাল সাড়ে ১০টায় পৌরসভা মিলনায়তনে ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট ঘোষণা ও শহর সমন্বয় কমিটির সভায় সভাপতিত্ব করেন পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপি। এ সময় পৌর হিসাবরক্ষণ কর্মকর্তা আবু বকর

বিশ্বাস ৪৯ কোটি ৬১ লাখ ৩৯ হাজার ১শ টাকার বাজেট ঘোষণা করেন। এতে রাজস্ব খাত থেকে আয় ধরা হয়েছে ১০ কোটি ৮৯ লাখ ২ হাজার টাকা। বাজেটে সরকারি অনুদান প্রাপ্তি ধরা হয়েছে ২ কোটি ৫ লক্ষ টাকা। বাজেটে রাজস্ব উদ্বৃত্ত ধরা হয়েছে ৬৭ লক্ষ ৩৭ হাজার ১ শ টাকা। ওই অর্থ বছরে সবচেয়ে (২ পাতার ৩ কলামে দেখুন)



সমন্বয় কমিটির সভায় বক্তব্য রাখেন পৌর মেয়র জিপি চৌধুরী

শহরসমন্বয় কমিটির সভা

(শেষ পাতার পর)

বেশি ব্যয় ধরা হয়েছে পৌরসভার উন্নয়ন খাতে যা মোট বাজেটের ৭৮.০৫ শতাংশ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা আদর্শ সরকারি মহিলা কলেজের প্রাক্তন অধ্যক্ষ এসএম ইস্রাফিল, পৌর প্যানেল মেয়র একরামুল হক মুক্তা, ডা. আফসার উদ্দিন কলেজের অধ্যক্ষ মাহবুবুর রহমান সেলিম, পৌর সচিব কাজী শরিফুল ইসলাম, দারিদ্র শ্রেণির প্রতিনিধি রুমা খাতুন ও নিরাহন খাতুনসহ অন্যান্য কাউন্সিলরবৃন্দ। অনুষ্ঠানে উপস্থিত সকলে প্রস্তাবিত বাজেটের কিছু অংশ সংযোজন এবং পৌর এলাকার সৌন্দর্য বৃদ্ধির বিষয়ে আলোচনা করেন। উপস্থিত সকলের প্রশ্নের সরল ব্যখ্যা প্রদান করেন হিসাব রক্ষণ কর্মকর্তা আবু বকর বিশ্বাস ও নির্বাহি প্রকৌশলী আয়ুব আলী বিশ্বাস।

বক্তব্যে পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপু বলেন, একটি পৌরসভার সার্বিক উন্নয়ন নাগরিকদের ওপর প্রত্যক্ষভাবে নির্ভর করে। আমাদের পৌরসভা ৮৫ ভাগের মধ্যে ৬৪ ভাগ কর আদায়ে সক্ষম হয়েছে। বাজেট উন্নয়নের পূর্ব পরিকল্পনা হলেও উন্নয়নের সিংহ ভাগই নির্ভর করে নাগরিকদের দেয়া কর এর ওপর। পৌর মেয়র বলেন, আগামী কয়েক বছরের মধ্যে চুয়াডাঙ্গা পৌরসভার চিত্র পাল্টে দেয়া হবে। আধুনিক কমিউনিটি সেন্টার, ট্রাক টার্মিনাল, পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন ও অডিটোরিয়াম নির্মাণ করার পরিকল্পনা করা হয়েছে। তাই চুয়াডাঙ্গা পৌরসভাকে একটি মডেল পৌরসভায় রূপান্তর করতে প্রত্যেক নাগরিককে পৌর কর দেয়ার আহ্বান জানান তিনি।

নির্বাহী প্রকৌশলী আয়ুব আলী বিশ্বাস